দৈনিক জনকণ্ঠ

তারিখ 22 JUN 2015 পৃষ্ঠা ... কলাম ...

ইবিতে শিক্ষক নিয়োগ

# ট্রেজারারের অব্যাহতিপত্র দাখিল

ইবি সংবাদদাতা ॥ কুষ্টিয়ার ইসলামী বিশ্ববিদ্যালয়ে (ইবি) শিক্ষক নিয়োগকে কেন্দ্র করে ট্রেজারার অধ্যাপক ড. আফজাল হোসেন চাকরি থেকে অব্যাহতিপত্র দাখিল করেছেন। জানা গেছে, ট্রেজারারের পছন্দের প্রার্থীকে নিয়োগ না দেয়ায় এ ঘটনা ঘটেছে। বিশ্ববিদ্যালয়-সূত্রে জানা যায়, শনিবার হিসাববিজ্ঞান ও তথ্য পদ্ধতি বিভাগের প্রভাষক নিয়োগের জন্য বোর্ড গঠিত হয়। চারটি পদের বিপরীতে ৭১ প্রার্থী আবেদন করে। এদের মধ্যে ৪৫ প্রার্থী মৌখিক পরীক্ষায় অংশ নেয়। এর আগে ট্রেজারার অধ্যাপক ড. আফজাল হোসেন তাঁর পছন্দের প্রার্থীর জন্য উপাচার্য অধ্যাপক ড. আবদুল হাকিমের কাছে সুপারিশ করেন। রবিবার ট্রেজারার যখন জানতে পারেন, তাঁর পছন্দের প্রার্থীকে নিয়োগ দেয়া হয়নি তখন তিনি ক্ষুব্ধ হয়ে উঠেন। একপর্যায় উপাচার্যের সঙ্গে দেখা হলে তাঁদের মধ্যে নিয়োগ নিয়ে কথা কাটাকাটি ও উত্তপ্ত বাক্য বিনিময় হয়। ক্ষোভে রবিবার ট্রেজারার চাকরি থেকে অব্যাহতিপত্র দাখিল করেন।